



## সমাজে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জরুরি: শিক্ষা উপদেষ্টা



সংগৃহীত ছবি

অন্তবর্তী সরকারের শিক্ষা উপদেষ্টা বলেন, সমাজে অন্যায়ের বিরুদ্ধে চুপ না থেকে প্রতিবাদ করা প্রত্যেকের দায়িত্ব। তিনি সতর্ক করেছেন, অন্যায়কে প্রশয় দিলে তা ছোট ঘটনা থেকে বড় অন্যায়ের পথ প্রস্তুত করে। আমাদের দৈনন্দিন জীবনে ছোট ছোট অন্যায়কে উপেক্ষা করলে সময়ের সঙ্গে সঙ্গে বড় অন্যায়কেও মানতে শেখা হয়।

রোববার (২৫ জানুয়ারি) টাঙ্গাইলের কালিহাতী উপজেলার নাগবাড়ী হাসিনা চৌধুরী উচ্চ বিদ্যালয়ে গুণীজন সম্মাননা অনুষ্ঠানে এই বক্তব্য রাখেন তিনি। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাবেক পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান চৌধুরী।

অধ্যাপক আবরার অধিকারবোধের গুরুত্ব তুলে ধরে বলেন, মানুষের অধিকার শুধু দাবি নয়, তা ভোগ করারও অধিকার থাকা উচিত। যুগ যুগ ধরে মানুষ তাদের অধিকার রক্ষায় লড়াই করেছে। তাই সমাজে ন্যায়ের জন্য সচেতন থাকা এবং অন্যায়ের বিরুদ্ধে স্থির থাকা অপরিহার্য।

অনুষ্ঠানে বিচারপতি আবু সাঈদ চৌধুরীর ছেলে আবুল কাশেম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামসহ অন্যান্য অতিথিরা বক্তব্য দেন। পরে দেশের প্রখ্যাত কবি বুলবুল খান মাহবুব ও বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক মো. আফরোজ হোসেন সিদ্দিকীকে আজীবন সম্মাননা প্রদান করা হয়।